গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইন ও ভূমি অনুবিভাগ
আইন শাখা-৩
৪/৩ গণি রোড, ঢাকা-১০০০
www.mor.gov.bd

বিষয়ঃ "বাংলাদেশ রেলওয়ে আইন-২০২৬" (খসড়া) চূড়ান্ত পরিমার্জনের লক্ষ্যে অনুষ্ঠিত ৮ম সভার কার্যবিবরণী।

সভাপতি	:	সচিব, রেলপথ মন্ত্রণালয়
সভার স্থান	:	রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-১০২৪)
সভার তারিখ ও সময়	:	১৩.০৯.২০২৬, সকাল ১০.০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভিক আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (আইন ও ভূমি) সভাকে জানান যে, গত ২২.০১.২০২২ খ্রি. তারিখে The Railways Amendment Act- 2022 এর বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তের আলোকে 'বাংলাদেশ রেলওয়ে আইন- ২০২২' (খসড়া) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। গত ২২.১১.২০২২ খ্রি. তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সভায় ৩০% এর বেশি সংশোধন করা হয়েছে বিধায় The Railway's Act- 1890 সংশোধনের পরিবর্তে রেলপথ মন্ত্রণালয় বাংলায় নতুন আইন প্রণয়ন করবে মর্মে সুপারিশ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের সভার সুপারিশের আলোকে পুনর্গঠিত খসড়া আইনটি গত ০৪.০৯.২০২৩ খ্রি. তারিখে নীতিগত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ১৯/১১/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের আলোকে গত ২০.০৫.২০২৪ খ্রি. তারিখে সচিব, রেলপথ মন্ত্রণালয়ের সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত। মন্ত্রিপরিষদ বিভাগের ১৯.১১.২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ৩.১৫ নং অনুচ্ছেদের আলোকে অর্থদন্ড সহ অন্যান্য ধারায় উল্লিখিত আর্থিক সংশ্লিষ্টতা রয়েছে এমন বিষয়ে মতামত প্রদানের জন্য ২৫.০৭.২০২৪ খ্রি. তারিখে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। গত ১০.১১.২০২৫ খ্রি. তারিখে অর্থ বিভাগ হতে মতামত পাওয়া যায়। অর্থ মন্ত্রণালয়ের মতামত এবং মন্ত্রিপরিষদ বিভাগের গত ১৯.১১.২০২৩ খ্রি. তারিখের সভার সুপারিশ (অনুচ্ছেদ-৪) এর আলোকে খসড়া বাংলাদেশ রেলওয়ে আইন-২০২৪ চূড়ান্ত পরিমার্জনের লক্ষ্যে গত ১১.০১.২০২৬ খ্রি. তারিখ থেকে ০৫.০৭.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ০৭ (সাত) টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে 'বাংলাদেশ রেলওয়ে আইন, ২০২৪' (খসড়া) এর সর্বমোট ১৫৭টি ধারা, ধারা-১ থেকে ধারা-১৫৭ পর্যন্ত বিস্তারিত আলোচনা করা হয়। বিগত ০৭ (সাত)টি সভায় পূর্বোক্ত ১৫৭টি ধারাসমূহের উপর আলোচনা শেষে প্রদত্ত মতামতের ভিত্তিতে ১৩৮টি ধারা চূড়ান্ত করা হয়েছে। সভায় সর্বশেষ সংশোধিত 'বাংলাদেশ রেলওয়ে আইন, ২০২৬' (খসড়া) চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। পরবর্তীতে সভাপতি সকলকে 'বাংলাদেশ রেলওয়ে আইন, ২০২৬' (খসড়া) এর উপর উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের আহবান জানান।

২। সভায় সর্বশেষ সংশোধিত 'বাংলাদেশ রেলওয়ে আইন, ২০২৬' (খসড়া) এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অংশগ্রহণকারী রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তাগণ তাদের মতামত প্রদান করেন। রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: ফিরোজ উদ্দিন খলিফা (প্রশাসন-২ অধিশাখা) রেলওয়ে আইনের উপর কিছু নতুন বিষয় অন্তর্ভুক্ত করার প্রস্তাব উত্থাপন করেন। এছাড়া, বেসরকারি সংস্থা ব্র্যাক (BRAC) কর্তৃক প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংযুক্ত করার জন্য কিছু প্রস্তাবনা উপস্থাপন করা হয়। সভায় সবকটি বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

সিদ্ধান্তঃ

(১) ভূমিকাতে "উন্নত", "নিরাপদ", "সাশ্রয়ী" "আরামদায়ক" ও "অন্তর্ভুক্তিমূলক" শব্দসমূহ যুক্ত করতে হবে।

(২) সংজ্ঞা ধারা-২ (১০) এ "জেনারেল ম্যানেজার" এর পরিবর্তে "মহাব্যবস্থাপক" হবে। "ধারা-১০" কথাটি বাদ যাবে।

(৩) ধারা-২ সংজ্ঞায় "অন্তর্ভুক্তিমূলক" "প্রতিবন্ধী ব্যক্তি", "সিনিয়র সিটিজেন", "প্রবেশগম্যতা" এর সংজ্ঞা যুক্ত করতে হবে।

(৪) ধারা-১৬ (গ) এ "এবং শব্দ সংকেতের যন্ত্র স্থাপন বা পরিবর্তন করা" যুক্ত করতে হবে। ধারা-১৬ (ঘ) এ "এবং শব্দ সংকেত খোলা" যুক্ত করতে হবে।

(৫) ধারা-৫৭ শিরোনাম ও বিবরণ পুনর্লিখিত হবে।

(৬) ধারা-৫৮ পুনর্লিখিত হবে। তিনটি উপধারা হবে।

(৭) ধারা-৫৮ পুনর্লিখিত হবে। তিনটি উপধারা হবে।

(৮) 'বাংলাদেশ রেলওয়ে আইন, ২০২৬' (খসড়া) এর উপর রেলপথ মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব মো: ফিরোজ উদ্দিন খলিফা (প্রশাসন-২ অধিশাখা) থেকে প্রাপ্ত নতুন খসড়া প্রস্তাব পর্যালোচনার জন্য নিম্নরূপ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবি	মন্তব্য
১.	জনাব মো: ফিরোজ উদ্দিন খলিফা যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।	আহ্বায়ক
২.	জনাব আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান অতিরিক্ত মহাপরিচালক (উন্নয়ন) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	সদস্য
৩.	জনাব মোহাম্মদ নাজমুল ইসলাম অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	সদস্য
৪.	জনাব শাখাওয়াত হোসেন চৌধুরী রিয়াদ সিনিয়র আইন কর্মকর্তা বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।	সদস্য
৫.	মিজ সুমাইয়া নাজনীন উপসচিব (আইন-৩ শাখা ও অতিরিক্ত দায়িত্ব: আইন-৪ শাখা) রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।	সদস্য-সচিব

উপরোক্ত কমিটি বর্তমান 'বাংলাদেশ রেলওয়ে আইন, ২০২৬' (খসড়া) এবং প্রাপ্ত নতুন বিষয়গুলোর উপর তুলনামূলক পর্যালোচনা করে গ্রহণযোগ্য ধারাসমূহ সংযোজনপূর্বক তা আগামী ০৫.১০.২৬ খ্রি. তারিখের মধ্যে আইন শাখায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাপ্ত সুপারিশ সমূহ চূড়ান্ত করার লক্ষ্যে তা পরবর্তী সভায় উপস্থাপন করা হবে।

৩। পরিশেষে সভায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৯/২০২৬

(মোঃ ফাহিমুল ইসলাম)
সচিব
রেলপথ মন্ত্রণালয়